

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আমাদের দেশের অনেক দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদেরও হচ্ছে হয় দিবাভাগে চাকরি করে রাত্রিভাগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণীতে পড়াশুনা করতে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় বাংলাদেশের সবচেয়ে বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাত্রিভাগে কোন বিষয়ে স্নাতক (সম্মান) শ্রেণীতে পড়াশুনা করার সুযোগ নেই। অতএব, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে আকুল

আবেদন, দেশের মধ্যবিত্ত পরিবারের ছেলে-মেয়েদের দিবাভাগে চাকরি করে রাত্রিভাগে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণীতে পড়াশুনা করার সুযোগ দেয়া হোক।

—মোঃ আবুবকর ছিদ্দিক,  
৪১, চানখার পুল লেন,  
নাজিমউদ্দিন রোড,  
ঢাকা-১।

## প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের আবেদন

চাঁদপুর জেলার শাহরাস্তী উপজেলাধীন ১৩নং উত্তর সূচীপাড়া ইউনিয়নের হাড়াইরপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯৭৩ সাল হতে পরিচালিত হয়ে আসছে। অথচ বিভিন্ন মহলের সুপারিশ থাকা সত্ত্বেও বিদ্যালয়টি আজো অনুমোদন পায়নি। কিন্তু অন্যান্য জায়গায় প্রাথমিক বিদ্যালয়গুলো অনুমোদন দেয়া হয়েছে। অতএব, উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট

এলাকাবাসীর আবেদন, বিদ্যালয়টি পুনঃতদন্ত সাপেক্ষে সরকারী অনুমোদন দেয়া হোক।

—মোঃ ইলিয়াস (মিরন),  
ভারপ্রাপ্ত সম্পাদক,  
হাড়াইরপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়,  
পোঃ শোরসাক বাজার,  
উপজেলা: শাহরাস্তী,  
চাঁদপুর।